

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
অধিশাখা : ১৩ (কারিগরি-২)  
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০.০০০০.০৫২.২৭.০০১.১৭-৬৬৫


তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৪  
১২ জুন, ২০১৭

বিষয় : উপ-পরিদর্শক জনাব আবদুল হামিদ কর্তৃক পরিদর্শন প্রতিবেদনে ভুল তথ্য সংযোজন এবং পরিদর্শন না করে মিথ্যা তথ্য প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর পাঠদান অনুমতির লক্ষ্যে কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিদর্শন প্রতিবেদনপূর্বক অত্র বিভাগে কোটা শিথিল করণের লক্ষ্যে প্রেরিত চিঠিতে ভুল তথ্য প্রদান করা হয়েছে। প্রস্তাবিত শিক্ষা প্রতিষ্ঠান হতে বি.এম. শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠান দুটির দূরত্ব যথাক্রমে ১৭ ও ১৮ কি: মি: মর্মে উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা কর্তৃক প্রত্যয়ন করা হলেও কারিগরি শিক্ষা বোর্ডে উপ-পরিদর্শক, জনাব আবদুল হামিদ প্রতিবেদনে বর্ণিত প্রতিষ্ঠানের দূরত্ব ০৩ কি: মি: উল্লেখ করেছেন। উল্লেখ্য, ইতোপূর্বে জনাব আবদুল হামিদ জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন শিমুলতলা টেকনিক্যাল এন্ড বি এম কলেজ পরিদর্শন না করে পরিদর্শন প্রতিবেদনে মিথ্যা তথ্য দিয়ে উক্ত কলেজের পাঠদানের জন্য সুপারিশ করেছেন যা বিধি সম্মত নয়। তার এহেন কার্যক্রমের জন্য কারিগরি শিক্ষা বোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

০২। এমতাবস্থায়, জনাব সেলিনা আখতার বানু, মাননীয় সংসদ সদস্য, মহিলা আসন, চুয়াডাঙ্গা-৭ এর নিকট হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বর্ণিত প্রতিষ্ঠানের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পরিদর্শন প্রতিবেদনে ভুল তথ্য প্রদানকারীর জনাব মো: আবদুল হামিদ, উপ পরিদর্শক এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(সুবোধ চন্দ্র ঢালী)  
উপসচিব

ফোনঃ ৯৫৮২০৫৫

ds\_tec2@moedu.gov.bd

চেয়ারম্যান  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)